দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

# শাবি শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী বাম পরিষদ বিজয়ী

■ শাবি (সিলেট) সংবাদদাতা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে আওয়ামী বাম সমর্থিত শিক্ষকদের দুটি পরিষদ।

নির্বাচন কমিশন সূত্রে বিজয়ীরা হলেন—'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকবৃন্দ ফোরাম'-এর আহ্বায়ক অধ্যাপক সৈয়দ সামসুল আলম সভাপতি, সহযোগী অধ্যাপক মো. মহিবুল আলম সাধারণ সম্পাদক এবং সহকারী অধ্যাপক আল আমিন রাব্বী যুগ্ম সম্পাদক এবং অধ্যাপক ড. নাজিয়া চৌধুরী, ড. দীপেন দেবনাথ ও সহকারী অধ্যাপক এটিএম শহীদুল হক সদস্য নির্বাচিত হয়েছেন।

এ ছাড়া, 'মহান মুক্তিযুদ্ধের চেতনা ও মুক্তচিন্তা চর্চায় ঐক্যবদ্ধ শিক্ষকবৃন্দ ফোরাম' থেকে অধ্যাপক ড. মুশতাক আহমেদ কোষাধ্যক্ষ এবং অধ্যাপক ড. মো. জহির বিন আলম ও অধ্যাপক ড. এসএম হাসান জাকিরুল ইসলাম সদস্য পদে জয়ী হন। অপরদিকে, বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষক ফোরাম থেকে ড. মো. মোজাম্মেল হক সহ-সভাপতি এবং অধ্যাপক ড. মোহাম্মদ ইকবাল সদস্য পদে জয়ী হয়েছেন।

উল্লেখ্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচন গত সোমবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। সোমবার দিনগত রাত ১২টায় ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. তাজউদ্দিন।